# Vispazin

## Tiemonium Methylsulphate

**PRESENTATION :**

**Vispazin Tablet :** Each film-coated tablet contains Tiemonium Methylsulphate INN 50 mg.

**Vispazin Syrup :** Each 5 ml syrup contains Tiemonium Methylsulphate INN 10 mg.

**Vispazin Injection :** Each 2 ml injection contains 5 mg Tiemonium Methylsulphate INN.

**DESCRIPTION :**

Vispazin (Tiemonium Methylsulphate) is a synthetic anticholinergic-antispasomodic drug.

**USES :**

Vispazin is an antispasmodic drug. It reduces muscle spasms of the intestine, biliary system, bladder and uterus. It is indicated for pain in gastrointestinal and biliary diseases and in urology and gynaecology such as gastroenteritis, diarrhoea, dysentery, biliary colic, enterocolitis, cholecystitis, colonopathies, mild cystitis and spasmodic dysmenorrhoea.

**DOSAGE AND ADMINISTRATION :**

**Vispazin tablet :** The usual dosages are 2 to 6 tablets (100-300 mg) daily in divided doses as required.

**Vispazin Syrup :**

***Children :*** 3 mg-6 mg or 1.5 ml - 3 ml/kg body weight/day in 3 divided doses.

***Adult :*** 30 mg - 90 mg or 15 ml - 45 ml 3 times daily or as directed by physician.

**Vispazin Injection :** The usual dosages is 5 mg (1 ampoule) three times daily by slow IV/IM injection.

**SIDE EFFECTS :**

Tiemonium Methylsulphate may have some undesirable effects in certain individuals like risk of hypotension and tachycardia especially in case of injection.

**PRECAUTIONS :**

Precautions should be exercised for treatment of patients with disorder of the prostate, serious disease of the kidney and liver, cardiac disorders, thyroid disorders, chronic bronchitis and certain gastrointestinal diseases. The risks of visual disturbances can make it dangerous to drive or use machines.

**USE IN PREGNANCY AND LACTATION :**

The use of this drug is not recommended during pregnancy & lactation, unless otherwise indicated by physician.

**CONTRAINDICATIONS :**

This drug must not be used in glaucoma (acute pain in the eyeball disorders of vision), difficulties in urinating (disorders of the prostate or bladder).

**DRUG INTERACTIONS :**

In order to avoid possible interactions between several drugs physician should be informed about other current treatment.

**OVERDOSAGE :**

In case of overdose, seek medical attention.

**STORAGE :**

Store in a cool, dry place, protected from light. Keep out of the reach of children.

**PACKING:**

**Vispazin Tablet :** Each box contains 5x10's tablets in blister strips.

**Vispazin Syrup :** Each bottle contains 100 ml syrup.

**Vispazin Injection :** Each box contains 2x5's ampoule in Alu-PVC blister strips.

*Manufactured by :*

Globe

**GLOBE PHARMACEUTICALS LTD.**
**Noakhali, Bangladesh.**

# ভিস্পাজিন

## টাইমোনিয়াম মিথাইলসালফেট

**উপস্থাপনা ঃ**

**ভিস্পাজিন ট্যাবলেট ঃ** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে টাইমোনিয়াম মিথাইলসালফেট আইএনএন ৫০ মিগ্রা।

**ভিস্পাজিন সিরাপ ঃ** প্রতি ৫ মিলি সিরাপে আছে টাইমোনিয়াম মিথাইলসালফেট আইএনএন ১০ মিগ্রা।

**ভিস্পাজিন ইঞ্জেকশন ঃ** প্রতি ২ মিলি এ্যাম্পুলে আছে টাইমোনিয়াম মিথাইলসালফেট আইএনএন ৫ মিগ্রা।

**বিবরণ ঃ**

ভিস্পাজিন (টাইমোনিয়াম মিথাইলসালফেট) একটি কৃত্রিম এন্টিকোলিনার্জিক এন্টিস্পাসমোডিক ওষুধ।

**ব্যবহার ঃ**

ভিস্পাজিন একটি এন্টিস্পাসমোডিক ওষুধ। ইহা ক্ষুদ্রান্ত্র, বিলিয়ারি সিস্টেম, মূত্রথলি এবং জরায়ুর মাংসপেশির স্পাজম হ্রাস করে। ইহা পরিপাকতন্ত্র, বিলিয়ারি, ইউরোলজি ও গাইনোকোলজি সংক্রান্ত রোগসমূহে যেমন-গ্যাস্ট্রোএন্টেরাইটিস, ডায়রিয়া, আমাশয়, বিলিয়ারি কোলিক এন্টারোকোলাইটিস, কোলেসিস্টাইটিস, কোলনোপ্যাথিজ, মাইল্ড সিস্টাইটিস এবং স্পাসমোডিক ডিসমেনোরিয়ায় নির্দেশিত।

**মাত্রা ও সেবনবিধি ঃ**

**ভিস্পাজিন ট্যাবলেট ঃ** দৈনিক ২-৬টি ট্যাবলেট (১০০-৩০০ মিগ্রা) বিভক্ত মাত্রায় প্রয়োজন অনুযায়ী।

**ভিস্পাজিন সিরাপ ঃ**

***শিশুদের ক্ষেত্রে :*** ৩ মিগ্রা-৬ মিগ্রা অথবা ১.৫ মিলি-৩ মিলি/কেজি শরীরের ওজন অনুয়ায়ী দৈনিক তিনবার করে দিতে হবে।

***বয়স্কদের ক্ষেত্রে :*** ৩০ মিগ্রা-৯০ মিগ্রা অথবা ১৫ মিলি-৪৫ মিলি দিনে তিনবার করে অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী দিতে হবে।

**ভিস্পাজিন ইঞ্জেকশন ঃ** ৫ মিগ্রা (এক এ্যাম্পুল) আইভি/আইএম ইঞ্জেকশন দৈনিক তিনবার করে মন্থর গতিতে প্রয়োগ করতে হবে।

**পার্শ্ব-প্রতিক্রিয়া ঃ**

কিছু ব্যক্তির ক্ষেত্রে টাইমোনিয়াম মিথাইলসালফেটের পার্শ্ব-প্রতিক্রিয়া দেখা যায় যেমন-হাইপোটেনশান এবং ট্যাকাইকার্ডিয়া বিশেষতঃ ইঞ্জেকশনের ক্ষেত্রে।

**সতর্কতা ঃ**

প্রস্টেট সংক্রান্ত জটিলতায়, মারাত্মক কিডনী ও লিভার সংক্রান্ত জটিলতায় হৃদরোগে, থাইরয়েড সংক্রান্ত রোগে, ক্রনিক ব্রংকাইটিসে এবং কিছু পরিপাক সংক্রান্ত রোগে আক্রান্ত রোগীদের চিকিৎসার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। দৃষ্টি সংক্রান্ত জটিলতার ঝুঁকি থাকায় গাড়ী এবং ভারী যন্ত্র চালানো হতে বিরত থাকতে হবে।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার ঃ**

চিকিৎসকের সুনির্দিষ্ট নির্দেশনা ব্যতীত গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে এ ওষুধ ব্যবহার করা উচিত নয়।

**প্রতি নির্দেশনা ঃ**

এ ওষুধটি গ্লুকোমা (অক্ষিগোলকের তীব্র ব্যথায়), প্রস্রাবে জটিলতা (প্রোস্টেট ও মূত্রথলির জটিলতায়) প্রতি নির্দেশিত।

**ওষধের আন্তঃক্রিয়া ঃ**

সম্ভাব্য ওষধের আন্তঃক্রিয়া ঝুঁকি এড়ানোর জন্য চিকিৎসককে অবশ্যই ব্যবহৃত অন্যান্য ওষুধ ব্যবহার সম্পর্কে অবহিত করতে হবে।

**মাত্রাধিক্য ঃ**

মাত্রাধিক্যের ক্ষেত্রে সুনির্দিষ্ট চিকিৎসা নিতে হবে।

**সংরক্ষণ ঃ**

ঠান্ডা ও শুষ্ক স্থানে, আলো থেকে দূরে এবং শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহ ঃ**

**ভিস্পাজিন ট্যাবলেট ঃ** প্রতিটি বাক্সে রয়েছে ৫ X ১০ টি ট্যাবলেট ব্লিস্টার স্ট্রীপে।

**ভিস্পাজিন সিরাপ ঃ** প্রতিটি বোতলে রয়েছে ১০০ মিলি সিরাপ।

**ভিস্পাজিন ইঞ্জেকশন ঃ** প্রতিটি বাক্সে রয়েছে ২ X ৫ টি এ্যাম্পুল এ্যালু-পিভিসি ব্লিস্টার স্ট্রীপে।

প্রস্তুতকারকঃ

Globe

**গ্লোব ফার্মাসিউটিক্যালস্ লিঃ**
**নোয়াখালী, বাংলাদেশ।**